

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৫৩

১/ বিবিধ

আরবী

الصائم في عبادة وإن كان راقدا على فراشه ".
ضعيف

رواه تمام (18 / 172 - 173) : أخبرنا أبو بكر يحيى بن عبد الله بن الزجاج قال: حدثنا أبو بكر محمد بن هارون بن محمد بن بكار بن بلال: حدثنا سليمان بن عبد الرحمن: حدثنا هاشم بن أبي هريرة الحمصي عن هشام بن حسان عن ابن سيرين عن سلمان بن عامر الضبي مرفوعا. وهذا سند ضعيف يحيى الزجاج ومحمد بن هارون لم أجد من ذكرهما. وبقية رجاله ثقات غير هاشم بن أبي هريرة الحمصي ترجمه ابن أبي حاتم (4 / 2 / 105) ولم يذكر فيه جرحا ولا تعديلا. قال " واسم أبي هريرة عيسى بن بشير ". وأورده في " الميزان " وقال: " لا يعرف، قال العقيلي: منكر الحديث ". والحديث أورده السيوطي في " الجامع الصغير " برواية الديلمي في " مسند الفردوس " عن أنس. وتعقبه المناوي بقوله: " وفيه محمد بن أحمد بن سهل، قال الذهبي في " الضعفاء ": قال ابن عدي: [هو] ممن يضع الحديث ". قلت: هو عند الديلمي (2 / 257) لكن طريق تمام ليس فيها هذا الوضع كما مر، فهي تنقذ الحديث من إطلاق الوضع عليه. والله أعلم

وقد رواه عبد الله بن أحمد في " زوائد الزهد " (ص 303) من قول أبي العالية موقوفا عليه بزيادة " ما لم يغتب ". وإسناده صحيح. فلعل هذا أصل الحديث موقوف، أخطأ بعض الضعفاء فرفعه. والله أعلم

বাংলা

৬৫৩। সওম পালনকারীকে ইবাদাতের মধ্যে গণ্য করা হবে যদিও সে তার বিছানায় শুয়ে থাকে।

হাদীছটি দুর্বল।

এটিকে তাম্মাম (১৮/১৭২-১৭৩) বর্ণনা করেছেন। এটির সনদের বর্ণনাকারী আবু বকর ইয়াহইয়া আল-যুজাজ, মুহাম্মাদ ইবনু হারুণ এবং হাশেম ইবনু আবী ছরাইরাহর কারণে হাদীছটি দুর্বল।

এ সনদটি দুর্বল। কারণ ইয়াহইয়া আল-যুজাজ ও মুহাম্মাদ ইবনু হারুণের জীবনী কে উল্লেখ করেছেন পাচ্ছি না। আর হাশেম ইবনু আবী ছরাইরাহর জীবনী ইবনু আবী হাতিম (৪/২/১০৫) আলোচনা করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তিনি বলেছেনঃ এই আবু ছরাইরাহর নাম হচ্ছে ঈসা ইবনু বাশীর। ইমাম যাহাবী "আল-মীযান" গ্রন্থে তাকে উল্লেখ করে বলেছেনঃ তাকে চেনা যায় না। উকায়লী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ।

হাদিসটি সুযুতী "আল জামে'উস সাগীর" গ্রন্থে দাইলামী কর্তৃক "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। মানবী তার সমালোচনা করে বলেছেনঃ তার সনদে মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে সাহাল রয়েছে। যাহাবী তার সম্পর্কে "আয-যোয়াফা" গ্রন্থে বলেন, ইবনু আদী বলেছেনঃ তিনি হাদিস জালকারীদের অন্তর্ভুক্ত।

আমি (আলবানী) বলছিঃ তিনি দাইলামীর সূত্রে আছেন। কিন্তু তাম্মামের সূত্রে এই জলকারী না থাকার কারণে হাদীছটি বানোয়াটের পর্যাযভুক্ত হয় না। হাদীছটি আব্দুল্লাহ ইবনু আহমাদ "যাওয়ায়েদুয যুহুদ" (পৃঃ ৩০৩) গ্রন্থে আবুল আলিয়াহ হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। এর সনদটি সহীহ। সম্ভবত মূল হাদীছটি মওকুফ। কোন দুর্বল বর্ণনাকারী ভুল করে মারফু করে ফেলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=71532>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন